গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
www.acl.sadar.jhenaidah.gov.bd

## ২০ একরের নিচে জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী ঝিনাইদহ সদর উপজেলার নিম্নবর্ণিত জলমহাল বাংলা ১৪৩৩ ও ১৪৩৫ সাল পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্তে প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন (একরে) | সরকারি ইজারা মূল্য (প্রতিবছর) | আবেদন ফরমেরর মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ঝিনাইদহ সদর | মহামায়া পুকুর (বদ্ধ) | ২.৮১ একর | ২,১১,০৫০/- | ৫০০/- |
| ০২ | ঝিনাইদহ সদর | দক্ষিণ শিকারপুর পুকুর (বদ্ধ) | ১.০৮ একর | ২,৬২৫/- | ৫০০/- |
| ০৩ | ঝিনাইদহ সদর | কানা পুকুর (বদ্ধ) | ১.০৮ একর | ৩৩,১৮০/- | ৫০০/- |
| ০৪ | ঝিনাইদহ সদর | চন্ডিপুর পুকুর (বদ্ধ) | ৬.৩০ একর | ১,১৫,৫০০/- | ৫০০/- |
| ০৫ | ঝিনাইদহ সদর | মামুনশিয়া পুকুর (বদ্ধ) | ১.৪৪ একর | ৩১,৫০০/- | ৫০০/- |
| ০৬ | ঝিনাইদহ সদর | সুরাট পুকুর (বদ্ধ) | ০.৫২ একর | ২,৭৮২/৫০ | ৫০০/- |
| ০৭ | ঝিনাইদহ সদর | কুটিপাড়া পুকুর (বদ্ধ) | ০.৫৪ একর | ১,৭৮৫/- | ৫০০/- |

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কর্তৃক ২০ একরের নীচে বদ্ধ সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল (ভূমি মন্ত্রণালয়ের ২৩ নভেম্বর ২০২৫ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক।

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ হতে ১৫ মাঘের মধ্যে | অনলাইনের ইজারা আবেদন দাখিল |
| ০২ | ১৮ মাঘ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনের দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার ঝিনাইদহ সদর কর্যালয়ে দাখিল |
| ০৩ | ২২ মাঘ থেকে ২৮ মাঘের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনপত্রসমূহ এবং দাখিলকৃত কপি যাচাই বাছাই |
| ০৪ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুনের মধ্যে (০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে) | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৫ | ০৬ ফাল্গুল থেকে ২৬ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ঝিনাইদহ মহোদয় বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসন কর্তৃক অনুমোদন |
| ০৬ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্রে মধ্যে (০৩ (তিন) কার্যদিবসের মধ্যে) | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহিতাকে অবহিতকরণ |
| ০৭ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্রের মধ্যে (০৭ (সাত) কার্যদিবসের মধ্যে) | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামুল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার চুক্তি সম্পাদন |
| ০৮ | ১লা বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া |

## নির্দেশিকা শর্তসমূহ :

০১। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত সৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসমূহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবেন;

০২) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবদ্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে নিবন্ধন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব আপলোড করা হয়েছে;

০৩) জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমা, ০১ মাঘ হতে ১৫ মাঘ ১৪৩২ অফিস চলাকালী পর্যন্ত।

০৪) অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মাধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিটিং কপিসহ দরপত্র ক্রয়/আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর বরাবর, দাখিল করতে হবে। সরকারি জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালাকৃত মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর এর

CS CamScanner

কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লেখিত খামের উপরি ভাগের ''জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫) অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে;

০৬) আবেদনপত্রের প্রিন্টিং কপিসহ দাখিলের সময় আবেদনপত্রে উদ্ধৃত্ত মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর এর অনুকুলে আবেদনপত্রের সঙ্গে অবশ্যই সংযোগ করতে হবে। এছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবি সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধন পত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবি সমবায় সমিতির বৈধতা সম্পর্কে উপজেলা সমবায় অফিসার প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে বাতিলযোগ্য হবে।

০৭) ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ০১ লা বৈশাখ হতে বাংলা ১৪৩৫ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৫ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে;

০৮) ইজারার আবেদনপত্র অনুমোদন বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবেনা। বছরের যে কোন সময়ে দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সনের ০১ লা বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩৩ সনের ০১ লা বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে;

০৯) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারামূল্যসহ ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালানে জমা দিতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারা অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে;

১০) আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্চনীয়;

১১) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবেনা, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে;

১২) প্রতিটি আবেদনপত্রের প্রিন্টেড কপি খামের উপর জলমহালের নাম মৎস্যজীবি সমবায় সমিতির নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিষ্টেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২(দুই) বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে) ০৩(তিন) বছরের কর্মপরিকল্পনা ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৩) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির কর্তৃক এক গৃহীত আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজার চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহিতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা অংশ বিশেষ সাবলীজ দিতে পারবেন না। ইজার বিজ্ঞপ্তিতে উল্লেখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্তাপন করতে পারবেন না।

১৪) দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ অনুসরণ করা হবে।

১৫) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিসহ যে কোন আবেদন/দরপত্র গ্রহণ/দরপত্র/বাতিল অথবা সমুদয় আবেদন/দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন।

১৬) সার্টিফিকেট মামলা নেই মর্মে প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

14.01.26

(হোসনেআরা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ফোন : ০২৪৭৭৭৪৭০০৬
ই-মেইল- .unojhenaidah@mopa.gov.bd

CS CamScanner

স্মারক নং- ৩১.৪৪.৪৪১৯.৫৪২.০৫.০১২.২৫- ২৮/১(৫০) তারিখঃ- ০৪/০১/২০২৬ খ্রিঃ।

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ঝিনাইদহ।

৩। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

৪। উপজেলা কৃষি কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

৫। উপজেলা মৎস্য কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

৭। অফিসার ইনচার্জ, সদর থানা, ঝিনাইদহ।

৮। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

৯। উপজেলা সমবায় কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

১১। চেয়ারম্যান--------------------------(সকল) ইউনিয়ন পরিষদ। সদর উপজেলা।

১২। ইউনিয়ন ভুমি সহকারী কর্মকর্তা-----------------------(সকল) ইউনিয়ন ভুমি অফিস, ঝিনাইদহ সদর।

১৩। সভাপতি/সম্পাদক মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ ঝিনাইদহ।

১৪। সহকারী প্রোগ্রামার, ঝিনাইদহ সদর উপজেলা, ঝিনাইদহ। অত্র বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৫। নোটিশ বোর্ড।

04/01/26

মোঃ সোহেল রানা
সহকারী কমিশনার (ভূমি) (অঃদাঃ)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।
ফোন : ০২৪৭৭৭৪৬০৬৫